শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

SCHOOL OF AGRICULTURE AND RURAL DEVELOPMENT
কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল

ভর্তি বিজ্ঞপ্তি

ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বিএজিএড)
জানুয়ারি-জুন, ২০২২ সিমেস্টার (২২১ টার্ম)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর **স্কুল অব এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট (সার্ড)** পরিচালিত ০৩ (তিন) বছর মেয়াদি **ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বিএজিএড)** প্রোগ্রামে ২২১ টার্মে (জানুয়ারি-জুন, ২০২২) ২০টি স্টাডি সেন্টারে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ভর্তি সংক্রান্ত তথ্যাবলি

ভর্তির ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ঃ এইচএসসি (বিজ্ঞান গ্রুপ/কৃষিশিক্ষা বিষয়সহ যে কোনো গ্রুপ) অথবা চার/তিন বছর মেয়াদি কৃষি ডিপ্লোমা/সমমানের সার্টিফিকেটধারী এবং ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.০ (দুই) প্রাপ্ত হতে হবে।

আবেদনপত্র সংগ্রহ, জমা ও ভর্তির সময় ঃ বাউবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র হতে ১০/১১/২০২১ তারিখ হতে ৩০/১২/২০২১ তারিখ পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ ও জমা প্রদান করা যাবে (সোম থেকে শুক্রবার অফিস চলাকালীন সময়)। এছাড়া বাউবি'র ওয়েবসাইট (www.bou.ac.bd) থেকে ভর্তির আবেদনপত্র ডাউনলোড করে ব্যবহার করা যাবে।

আসন সংখ্যা ঃ ৭০ (প্রতি স্টাডি সেন্টার)।

আবেদনপত্রসহ মোট ভর্তি ফি ঃ ১০০+৫৪৮৫ = ৫৫৮৫/- (পাঁচ হাজার পাঁচশত পঁচাশি টাকা) নির্ধারিত ব্যাংক শাখায় অফিস চলাকালীন সময় জমা প্রদান করা যাবে (রবি থেকে বৃহস্পতিবার)। ব্যাংক ও আনুষাঙ্গিক চার্জ আবেদনকারী বহন করবেন।

ভর্তির প্রক্রিয়া ঃ ভর্তির আবেদনের ন্যূনতম যোগ্যতাসম্পন্ন প্রার্থী সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তি কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন। মূল সনদ/মার্কশীটসহ অন্যান্য কাগজপত্র ও তথ্যাবলী যাচাই বাছাই করে ভর্তি কর্মকর্তা আবেদনকারীকে ভর্তির জন্য মনোনীত করলে তিনি নির্ধারিত ব্যাংকের শাখায় সর্বমোট ৫৫৮৫/- (পাঁচ হাজার পাঁচশত পঁচাশি) টাকা টাকা জমা প্রদান করবেন। চূড়ান্ত ভর্তির জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে আবেদনপত্র জমা দেয়ার সময় ব্যাংকে টাকা জমার রশিদসহ সত্যায়িত সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট, মার্কশিট, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সার্টিফিকেট ও ২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থীকে বাউবি'র সংশ্লিষ্ট কর্মকর্তা ভর্তির স্লিপ প্রদান করবেন। স্টাডি সেন্টারের নির্ধারিত আসন পূরণ না হওয়া পর্যন্ত ন্যূনতম যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের **আগে আসলে আগে ভর্তির সুযোগ** প্রদান করা হবে। ভর্তিকৃত সকল শিক্ষার্থীর তথ্যাবলি বাউবি'র আঞ্চলিক/-উপ-আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট ভর্তি কর্মকর্তা আগামী ০৪/০১/২০২২ তারিখের মধ্যে BIMS Software-এ Entry সম্পন্ন করে আইসিটি হেড, আইসিটি ইউনিট, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি-কে অবহিত করবেন।

ভর্তি ও প্রোগ্রাম সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ঃ বাউবি'র ওয়েবসাইট (www.bou.ac.bd) ভিজিট করুন। প্রয়োজনে আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রোগ্রাম সমন্বয়কারীর সাথে যোগাযোগ করুন।

টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা ঃ স্কুলের সিদ্ধান্তে শিক্ষার্থীদের টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা সংশ্লিষ্ট স্টাডি সেন্টারের শ্রেণীকক্ষে স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হবে তবে প্রয়োজনে ক্লাস ও পরীক্ষা অনলাইন প্লাটফর্ম (জুম) ব্যবহার করে প্রকাশিত রুটিন অনুযায়ী পরিচালনা করা হবে। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা সাপ্তাহিক ছুটির দিন (শুক্র/শনিবার) অনুষ্ঠিত হবে। অনলাইন ক্লাস ও পরীক্ষায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীর ল্যাপটপ/স্মার্টফোনে জুম ইনস্টলসহ নিজস্ব সক্রিয় জি-মেইল একাউন্ট (G-mail) থাকতে হবে যা ভর্তির আবেদনের সময় অবশ্যই উল্লেখ করতে হবে।

টিউটোরিয়াল ক্লাস রুটিনঃ বাউবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

শিক্ষার্থীর রেজিস্ট্রেশন/ভর্তি বাতিলঃ ভর্তির আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলী মিথ্যা ও সংযুক্ত কাগজপত্র ভূয়া প্রমাণিত হলে যেকোন সময় ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

নিম্নবর্ণিত স্টাডি সেন্টারসমূহে ২২১ টার্মে শিক্ষার্থী ভর্তি করা হবে ঃ

স্টাডি সেন্টারের নাম ও ঠিকানা	বাউবি'র আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট ভর্তি কর্মকর্তার মোবাইল নম্বর
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শেরেবাংলা নগর, ঢাকা	আঞ্চলিক কেন্দ্র, ঢাকা (০১৭১২১৩৬৯৩৯)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শিমুলতলী, গাজীপুর	উপ-আঞ্চলিক কেন্দ্র, গাজীপুর (০১৭৬৬০৯৫৫৬৮)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শেরপুর	উপ-আঞ্চলিক কেন্দ্র, শেরপুর (০১৭১২৫৪৮৭৭২)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), তাজহাট, রংপুর	আঞ্চলিক কেন্দ্র, রংপুর (০১৭১৭৯৪৮০৫০)
হাজী মো: দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর	উপ-আঞ্চলিক কেন্দ্র, দিনাজপুর (০১৯১২৮৮৫৫০৮)
কেবিএম কলেজ, দিনাজপুর	
যুব প্রশিক্ষণ কেন্দ্র, তিনমাথা, রেলগেট, বগুড়া	আঞ্চলিক কেন্দ্র, বগুড়া (০১৭১৭৪৯৬৯৩১)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), গাইবান্ধা	উপ-আঞ্চলিক কেন্দ্র, গাইবান্ধা (০১৭১১৫৮৮২০১)
কাজী নজরুল ইসলাম ডিগ্রী কলেজ, যশোর	আঞ্চলিক কেন্দ্র, যশোর (০১৯২১১৫৭০১৫)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), ঝিনাইদহ	উপ-আঞ্চলিক কেন্দ্র, ঝিনাইদহ (০১৭২০৯৫৫৫২০)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), ঈশ্বরদী, পাবনা	উপ-আঞ্চলিক কেন্দ্র, পাবনা (০১৭১১০৭০৪৫১)
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী	আঞ্চলিক কেন্দ্র, রাজশাহী (০১৭৯৩৫৪৯০০১)
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	আঞ্চলিক কেন্দ্র, চট্টগ্রাম (০১৯৬৫৭৭০৩৩১)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), খাদিমনগর, সিলেট	আঞ্চলিক কেন্দ্র, সিলেট (০১৩১৫৮৬০৯৩৯)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), দৌলতপুর, খুলনা	আঞ্চলিক কেন্দ্র, খুলনা (০১৯১৩৭৬৭৪২১)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), ফরিদপুর	আঞ্চলিক কেন্দ্র, ফরিদপুর (০১৭১৭০৬৪৯৩০)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), রহমতপুর, বরিশাল	আঞ্চলিক কেন্দ্র, বরিশাল (০১৯৭২০০৮১৫৬)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), হোমনা, কুমিল্লা	উপ-আঞ্চলিক কেন্দ্র, দাউদকান্দি (০১৮১৩০৩১৩১৮)
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), বেগমগঞ্জ, নোয়াখালী	উপ-আঞ্চলিক কেন্দ্র, নোয়াখালী (০১৮১৮১৬৭২৬৬)
*কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), আড়াইহাজার, নারায়ণগঞ্জ	উপ-আঞ্চলিক কেন্দ্র, নারায়ণগঞ্জ (০১৭১৬২৮৮৭৯৫)

* **কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), আড়াইহাজার, নারায়নগঞ্জ** নতুন স্টাডি সেন্টারে ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যা ২৫ (পঁচিশ) জনের কম হলে তাদেরকে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), শেরেবাংলা নগর, ঢাকা স্টাডি সেন্টারে বদলি করা হবে।

অধ্যাপক ড. মো: সিরাজুল ইসলাম
সমন্বয়কারী, বিএজিএড প্রোগ্রাম
কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
(মোবাইল : ০১৭১৬৭৯৮৯৪৫)

অধ্যাপক ড. মোঃ ফরিদ হোসেন
ডিন, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ফোন: ৯২৯১১১০ (অফিস)